



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে নব নিযুক্ত উপাচার্য  
অধ্যাপক ড. মো. ইমদাদুল হক -এর পুষ্পস্তবক অর্পণ



৩ জুন ২০২১-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নব নিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ধানমন্ডির ৩২ এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, সকল অনুষদের ডিন, ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, রেজিস্ট্রার, বিভিন্ন দপ্তরের পরিচালক ও প্রধান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা, সাংবাদিক, কর্মচারী ও সহায়ক কর্মচারী সমিতি সহ আরো অনেকেই স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে উপস্থিত ছিলেন। উল্লেখ্য গত ১ জুন ২০২১-মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ ও ডিন, জীববিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় কে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেয়া হয়।